



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

স্মারক নং-৫/ক/স্বী/৮৪(অংশ-২)/৯১৩৮

তারিখ: ২২/১২/১৯

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: জনাব মো: মাসিরুল কবীর (রামিসা, দ্বাদশ, বিজ্ঞান, ৭১৯ এর অভিভাবক)-এর ১০/১২/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রামিসা, দ্বাদশ শ্রেণি, বিজ্ঞান বিভাগ, রোল-৭১৯ এক বিষয়ে অকৃতকার্য হওয়া বাবদ অতিরিক্ত ফি হিসাবে পুন: ভর্তি ও বেতন ১১,২৫০/- (এগার হাজার দুইশত পঞ্চাশ), ফরম পূরণের ফি ৩,১০০/- (তিন হাজার একশত), মডেল টেস্ট ৩,০০০/- (তিন হাজার) ও রজত জয়ন্তী ফি ১,০০০/- (এক হাজার) টাকা ধার্য করা হয়েছে যেখানে এক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীর বোর্ডে ফরম পূরণের ফি মাত্র (প্রতি পত্র ফি-১০০ (একশত) টাকা, প্রতি পত্রের ব্যবহারিক ফি ২৫ (পঁচিশ) টাকা, কেন্দ্র ফি ৪০০ (চারশত) টাকা) (সর্বমোট ৬৫০/- ছয়শত পঞ্চাশ টাকা)। এক্ষেত্রে শিক্ষার্থীর নিকট হতে পুনঃ ভর্তি ফি এবং মডেল টেস্ট ফি আদায় সম্পূর্ণ বিধি বর্হিত।

প্রসঙ্গত উল্লেখ্য যে, এ বোর্ডের স্মারক নং-৫/ক/স্বী/৮৪(অংশ-২)/৫৩৪, তারিখ: ২৪/০৩/২০১৯ এর বিটিসি প্রদানের ক্ষেত্রে অতিরিক্ত ফি আদায়ের জন্য ব্যাখ্যা প্রদানের নির্দেশনা থাকলেও তা অদ্যবধি প্রদান করেননি।

উপরোক্ত বিষয়সমূহের সত্যতা কিংবা কারণ ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে



প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ৫৮৬১২৪৭৬

[ic@dhakaeducationboard.gov.bd](mailto:ic@dhakaeducationboard.gov.bd)

অধ্যক্ষ

আইডিয়াল কলেজ (EIIN-107971)

ধানমন্ডি, ঢাকা